



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং : মাউশিবোর্ডি/পনি/জেএসসি-ফলাফল/২০১৭/২২৯৮(১২)

তারিখ : ২৬/১২/২০১৭ খ্রি.

বিষয় : ২০১৭ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার ফলাফল প্রেরণ।

সূত্র : আস্তঃ শিক্ষা বোর্ড-এর পত্র স্মারক নং- আশিবো/প্রশাঃ/২০১০/১১৩, তারিখ- ২৬/১২/২০১৭।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর অধীনে অনুষ্ঠিত ২০১৭ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার (নভেম্বর, ২০১৭ মাসে অনুষ্ঠিত) ফলাফল আগামী ৩০ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ শনিবার, বেলা ২.৩০ ঘটিকায় দেশের সকল শিক্ষা বোর্ডসমূহের ওয়েবসাইট এবং এসএমএস এর মাধ্যমে একযোগে প্রকাশ করা হবে।

আগামী ৩০ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ শনিবার বেলা ২.৩০ টায় দিনাজপুর শিক্ষা বোর্ডের নিজস্ব Website : www.dinajpurboard.gov.bd থেকে Institute Wise & Roll Wise ফলাফল পাওয়া যাবে। সরকারি সিদ্ধান্ত মোতাবেক ফলাফলের কোন হার্ড কপি সংশ্লিষ্ট কেন্দ্রে বা প্রতিষ্ঠানে সরবরাহ করা হবে না। বিধায় সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় থেকে তাঁর জেলাধীন সকল উপজেলা নির্বাহী কর্মকর্তার তত্ত্বাবধানে শিক্ষা বোর্ড থেকে প্রাপ্ত ফলাফলের হার্ড কপি সংরক্ষণ করতে হবে। বিশেষ কোন কারণে কোন কেন্দ্রের ফলাফল বেলা ২.৩০ টার পর Online-এ সংগ্রহ করা সম্ভব না হলে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিব-এর লিখিত আবেদনের প্রেক্ষিতে ফলাফলের হার্ডকপি হস্তান্তর করা যেতে পারে। এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক

রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/

লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।


মোঃ তোফাজ্জুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

ফোন : ০৫৩১-৫১৮৮১; ফ্যাক্স : ০৫৩১-৬৬৪২১

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ-

০১। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।

০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

০৩। অফিস কপি।



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd


E-mail : dinajpureducationboard@gmail.com

২০১৭ সালের জেএসসি পরীক্ষার ফলাফল প্রাপ্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

স্মারক নং : মাউশিবোর্ডি/পনি/জেএসসি-ফলাফল/২০১৭/২২৯৯(১২)

তারিখ : ২৬/১২/২০১৭ খ্রি.

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার (নভেম্বর, ২০১৭ মাসে অনুষ্ঠিত) ফলাফল আগামী ৩০ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ শনিবার, বেলা ২.৩০ টায় একযোগে প্রকাশ করা হবে। ফলাফলের হার্ড কপি সংশ্লিষ্ট কেন্দ্রে বা প্রতিষ্ঠানে সরবরাহ করা হবে না। নিম্নের নিয়মানুযায়ী দিনাজপুর শিক্ষা বোর্ডের নিজস্ব Website : www.dinajpurboard.gov.bd এবং www.educationboardresults.gov.bd ও www.educationboard.gov.bd-এ Institute Wise & Roll Wise ফলাফল প্রকাশ করা হবে। বিশেষ কোন কারণে কোন কেন্দ্রের ফলাফল বেলা ২.৩০ টার পর Online -এ সংগ্রহ করা সম্ভব না হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর লিখিত আবেদন করে ফলাফলের হার্ড কপি সংগ্রহ করতে হবে।


মোঃ তোফাজ্জুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

ফোন : ০৫৩১-৫১৮৮১; ফ্যাক্স : ০৫৩১-৬৬৪২১

০১। কেন্দ্র সচিব

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন

সকল জেএসসি পরীক্ষা কেন্দ্র-২০১৭।

০২। প্রধান শিক্ষক/অধ্যক্ষ

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন

সকল নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

০১। জেলা প্রশাসক, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।

০২। জেলা শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।

০৩। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।

০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।

০৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

০৬। অফিস কপি।